

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দামুড়হুদা, চুয়াডাঙ্গা।
<http://damurhuda.chuadanga.gov.bd>

উপজেলা আইসিটি কমিটির ফেব্রুয়ারি/২০২০ মাসের সভার কার্যবিবরণীঃ

সভাপতিঃ এস. এম. লিংকন
সভার স্থানঃ উপজেলা পরিষদ সভা কক্ষ
সভার তারিখঃ ১৯/০২/২০২০ খ্রিস্টাব্দ
সময়ঃ ০৩.০০ ঘটিকা.

উপস্থিত সদস্যবৃন্দের তালিকা- পরিশিষ্ট “ক” তে প্রদর্শিত

সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার শুরুতে জানুয়ারি/২০২০ মাসের সভার কার্যবিবরণী ও আইসিটি কমিটির কার্যপরিধি সম্পর্কে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহন করা হয়।

ক্র.নং	আলোচ্যসূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	শেখ রাসেল ডিজিটাল ল্যাবসহ অন্যান্য স্কুলে স্থাপিত ল্যাবে প্রতি ৪ (চার) মাস পর পর টাইপিং প্রতিযোগিতার আয়োজন।	সভাপতি বলেন যে, দামুড়হুদা উপজেলায় ০৮ টি স্কুলে স্থাপিত শেখ রাসেল ডিজিটাল ল্যাবসহ অন্যান্য স্কুলে স্থাপিত ল্যাবে প্রতি ৪ (চার) মাস পর পর টাইপিং প্রতিযোগিতা যথাসময়ে করা হবে এবং ল্যাবগুলো যথাযথ ব্যবহারের বিষয়ে আলোচনা করা হয়।	দামুড়হুদা উপজেলায় ০৮ টি স্কুলে স্থাপিত শেখ রাসেল ডিজিটাল ল্যাবসহ অন্যান্য স্কুলে স্থাপিত ল্যাবে প্রতি ৪ (চার) মাস পর পর টাইপিং প্রতিযোগিতার আয়োজন প্রথমে আন্তঃ স্কুল ও পরে উপজেলা পর্যায়ে এপ্রিল/২০২০ মাসের শেষ সপ্তাহে করার বিষয়ে সিদ্ধান্ত গ্রহন করা হয়।	১. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দামুড়হুদা। ২. সহকারী প্রোগ্রামার, ইউআইটিআরসিই, ব্যানবেইস, দামুড়হুদা ৩. সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, দামুড়হুদা
০২	ইউনিয়ন পরিষদের ওয়েব পোর্টাল হালনাগাদকরণ।	ইউনিয়ন পরিষদের ওয়েব পোর্টাল পর্যালোচনা করে দেখা যায় প্রায় সব ইউনিয়নের ওয়েব পোর্টালে তথ্য হালনাগাদ নাই। এ বিষয়ে সংশ্লিষ্ট ইউনিয়নের উদ্যোক্তাদের বলা হয় এবং ওয়েব পোর্টাল হালনাগাদকরণে তাদের করণীয় বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	ইউনিয়ন পরিষদের ওয়েব পোর্টাল হালনাগাদকরণে উদ্যোক্তাদের বলা হয় এবং আগামী সভার পূর্বেই হালনাগাদ করা হবে মর্মে সিদ্ধান্ত হয়।	উদ্যোক্তা, সংশ্লিষ্ট ইউডিসি এবং সার্বিক সহযোগিতায় সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, দামুড়হুদা
০৩	ই-মিউটেশন বিষয়ক প্রশিক্ষণ।	সকল ইউনিয়নের উদ্যোক্তাদের অংশগ্রহণে ই-মিউটেশন বিষয়ক প্রশিক্ষণ সফলভাবে সম্পন্ন হয়েছে। ই-মিউটেশনের আবেদনগুলো সঠিক ও নির্ভুলভাবে এবং সল্পমূল্যে সম্পন্ন করার বিষয়ে আলোচনা করা হয়।	সকল ইউনিয়নের উদ্যোক্তাদেরকে ই-মিউটেশনের আবেদন দক্ষতার সহিত ও সল্পমূল্যে সম্পন্ন করতে বলা হয় এবং এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট ইউডিসি এর উদ্যোক্তাগণ।
০৪	সেরা উদ্যোক্তা পুরস্কার প্রদান বিষয়ে আলোচনা করণ।	সভাপতি বলেন যে, উদ্যোক্তাদের সেবা ও আয়ের পাশাপাশি গ্রাহকের সেবার মান, সেবা প্রদানের ধরণ এবং আয় ও সেবার রেজিস্টার খাতার উপর ভিত্তি করে সেরা উদ্যোক্তা বাছাই করা হবে এবং পুরস্কার প্রদান বিষয়ে আলোচনা করা হয়।	উদ্যোক্তাদের সেবা ও আয় এবং গ্রাহকের কাছে সেবা প্রদানের ধরণ ও মানের উপর ভিত্তি করে সেরা উদ্যোক্তা পুরস্কার দেওয়ার বিষয়ে আলোচনা পরবর্তী সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার
০৫	সকল ইউনিয়নে স্থাপিত ইউডিসির সরবরাহকৃত যন্ত্রাদি	সভাপতি, সকল ইউনিয়নে স্থাপিত ইউডিসির সরবরাহকৃত যন্ত্রাদি সম্পর্কে জানতে চান এবং তাৎক্ষণিকভাবে সকল	সকল ইউডিসি উদ্যোক্তাদের নিকট হতে প্রয়োজনীয় যন্ত্রাদির একটি তালিকা সংগ্রহ করে	উপজেলা নির্বাহী অফিসার, দামুড়হুদা।